



Embassy of the People's Republic  
of Bangladesh  
Athens

## পাসপোর্টবিহীন প্রবাসী বাংলাদেশিদের জন্য সুখবর!

এতদ্বারা আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, দূতাবাসের নিরন্তর অনুরোধের প্রেক্ষিতে বাংলাদেশ সরকার বিশেষ বিবেচনায় গ্রিসে বসবাসরত অনিয়মিত বাংলাদেশিদের চলমান নিয়মিতকরণ(Legalization) প্রক্রিয়ার আওতায় আনার লক্ষ্যে গ্রিস প্রবাসী পাসপোর্টবিহীন বাংলাদেশিদের পাসপোর্ট প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এতে দূতাবাসের আশ্বাসে বিশ্বাসী প্রবাসীদের দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটেছে।

এমতাবস্থায়, যে সকল গ্রিস প্রবাসী বাংলাদেশি ইতোপূর্বে মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) করেননি, হাতে লেখা পাসপোর্ট করলেও হারিয়ে ফেলেছেন বা কখনও কোনো ধরনের পাসপোর্ট করেননি তাদের অতিসত্ত্বর প্রয়োজনীয় কাগজপত্রসহ (যেমন: হাতে লেখা পাসপোর্টের অনুলিপি/জাতীয় পরিচয় পত্র, জন্ম নিবন্ধন সনদ, বাবা-মায়ের জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ) এমআরপি পাসপোর্টের আবেদন ফরম পূরণ করে নতুন পাসপোর্টের জন্য আবেদন করার অনুরোধ জানানো যাচ্ছে।

এই সুযোগ সীমিত সময়ের জন্য বলবৎ থাকবে বিধায় সংশ্লিষ্ট সকলকে যথাসম্ভব দ্রুত নতুন পাসপোর্টের আবেদন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হচ্ছে।



এথেন্স, ১৮ মে ২০২৩

119, Marathonodromon Street, 154 52 Palaio Psychiko, Athens, Greece

Tel.: +30 210 6720 250, Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd, www.bdembassy.gr